# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 23-01-2026** **Time: 1.30 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালার তিরুবনন্তপুরমে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেছেন। তিনি নতুন ট্রেন পরিষেবারও সূচনা করেন।

২।আজ দেশজুড়ে নেতাজী সুভাষচন্দ্র বসুর ১২৯ তম জন্মবার্ষিকী পরাক্রম দিবস হিসাবে পালিত হচ্ছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

৩। ভারত ও ইউরোপীয় ইউনিয়ন, পরিবেশবান্ধব জ্বালানী সাশ্রয়ী পরিবহনের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছে।

৪। কেন্দ্রীয় সরকার, পাবলিক সেক্টর জেনারেল ইন্সিওরেন্স কোম্পানী এবং নাবার্ডের বেতন কাঠামোর পুনর্গঠনে অনুমোদন দিয়েছে।

৫। আজ বসন্ত পঞ্চমী। জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা ও পুষ্পাঞ্জিলি চলেছে।

৬। ভারতের পি ভি সিন্ধু এবং লক্ষ্য সেন জাকার্তায় আজ ইন্দোনেশিয়া মাস্টার্স ব্যাডমিন্টনের কোয়ার্টার ফাইনালে খেলবেন।

*oooooooooooooooooooo*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালার তিরুবনন্তপুরমে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করেছেন। তিনি নতুন ট্রেন পরিষেবারও সূচনা করেন। শ্রীমোদী

তিরুবনন্তপুরমে এক জনসভায় বলেছেন, গোটা দেশ বিকশিত ভারতের লক্ষ্যে এগিয়ে চলেছে। সরকার গত এগার বছরে রাজ্যের বিভিন্ন গ্রাম ও শহরের পরিকাঠামো উন্নয়নে লাগাতার চেষ্টা করে চলেছে।

শ্রীমোদী, অনুষ্ঠানে পি এম স্বনিধি ক্রেডিট কার্ডের সূচনা করেন। এছাড়াও, ১ লক্ষ সুবিধাভোগীর মধ্যে প্রধানমন্ত্রী স্বনিধি ঋণ বিতরণ করেছেন। সফরে তিনি চারটি ট্রেন পরিষেবার সূচনা করেন। যার মধ্যে রয়েছে, তিনটি অমৃত ভারত এক্সপ্রেস- নাগেরকোইল –ম্যাঙ্গালুরু, তিরুবনন্তপুরম-তাম্বারাম এবং তিরুবনন্তপুরম-চারলাপল্লি । একটি নতুন যাত্রীবাহী ট্রেন ত্রিচূড় থেকে গুরুভায়ুর পর্যন্ত চলবে।

(বাইট – প্রধানমন্ত্রী/প্রজেক্ট)

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ফ্লাগশিপ কর্মসূচীর আওতায় প্ল্যাটফর্ম ফর প্রো-অ্যাকটিভ গভর্ননেন্স অ্যান্ড টাইমলি ইমপ্লিমেনটেশন-'প্রগতি' (PRAGATI)-এক উল্লেখযোগ্য মাইল ফলক অর্জন করেছে। ২০১৫য় প্রধানমন্ত্রী এর সূচনা করেন।
এর আওতায় আমেদাবাদ মেট্রো রেল প্রকল্পের প্রথম পর্যায়, গুজরাতের বৃহত্তম মেট্রোপলিটান অঞ্চলে স্থায়ী যোগাযোগের এক নতুন অধ্যায়ের সূচনা করেছে। আবাসন ও নগরন্নয়ন মন্ত্রক এর তত্বাবধানে ৪০ কিলো মিটার দীর্ঘ এই প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ১২ হাজার ৯২৪ কোটি ৫০ লক্ষ টাকা।

oooooooooooooooooooo

মহান বিপ্লবী নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৯ তম জন্মজয়ন্তী আজ পরাক্রম দিবস হিসেবে পালিত হচ্ছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ মূল অনুষ্ঠানটি হবে ময়দানে নেতাজি মূর্তির পাদদেশে। নেতাজির জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়াল-এ পরাক্রম দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণান উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে যোগ দেবেন রাজ্যপাল সিভি আনন্দ

বোস সহ বিশিষ্টজনেরা। রাজ্য সচিবালয় নবান্নে নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে তার প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। Elgin রোডে নেতাজি রিসার্চ ব্যুরো, নেতাজির বাসভবনে দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কলকাতার পুরভবনে নেতাজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস তাঁর বার্তায় বলেছেন, নেতাজির নিঃস্বার্থ জীবন, কর্ম এবং পরাক্রম সময়ের সীমা, যুগের বিভাজন ও আন্তর্জাতিক সীমারেখাকে অতিক্রম করে সকলকে অনুপ্রাণিত করে চলেছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও নেতাজির জন্মজয়ন্তীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন।

বিজেপির তরফে আজ ভবানীপুরে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়।

বাণফ্রন্টের তরফে ধর্মতলা থেকে মিছিলের আয়োজন করা হয়েছে।

কংগ্রেসের পক্ষ থেকেও নেতাজির জন্মদিনে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

oooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন। দিনটি পরাক্রম দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, নেতাজির স্বাধীনতার আহ্বান লক্ষ লক্ষ ভারতীয়র মনে সাহস, আত্মবিশ্বাস, ঐক্য এবং জাতীয়তাবাদের চেতনা জাগ্রত করেছিল। আজাদ হিন্দ ফৌজ দেশের স্বাধীনতা আন্দোলনে নির্ণায়ক ভূমিকা পালন করেছিল। এই আন্দোলনকে তিনি বিশ্ব মঞ্চে নিয়ে গিয়েছিলেন।

উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ বলেন, স্বাধীনতা আন্দোলনে নেতাজির নির্ভীক নেতৃত্ব, অদম্য চেতনা এবং অবিচল অঙ্গীকারকে প্রতিফলিত করে। তাঁর সাহস, ত্যাগ এবং জাতীয় ঐক্যের আদর্শকে বজায় রাখতে প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করতে হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন আজকের দিনে দেশবাসী নেতাজির অদম্য সাহস, সংকল্প এবং দেশের প্রতি অবদানকে স্মরণ করছে। তাঁর নির্ভীক নেতৃত্ব একটি শক্তিশালী দেশ

গঠনে সকলকে অনুপ্রাণিত করে চলেছে। সামাজিক মাধ্যমে একগুচ্ছ বার্তায় তিনি, দেশজুড়ে সুভাষ চন্দ্র বসুর সম্মানে গৃহীত বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন।

ooooooooooooooooooooooooooooooo

নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১২৯তম জন্মবার্ষিকীতে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক আজ থেকে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে পরাক্রম দিবস উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করবে। নেতাজীর জীবন ও ঐতিহ্যের সঙ্গে সম্পর্কিত দেশের আরও ১৩টি স্থানে এ ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ooooooooooooooooooooooooooooooo

জাতীয় রাজধানীর কর্তব্যপথে আজ সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের পূর্ণাঙ্গ মহড়া অনুষ্ঠিত হয়। এই মহড়া সকাল ১০ টা ৩০ মিনিটে বিজয় চক থেকে শুরু হয়ে লাল কেল্লায় শেষ হয়। এই রিহার্সাল আসন্ন সাধারণতন্ত্র দিবসে জাতির উদ্দেশে উপস্থাপন করা হবে। সশস্ত্র বাহিনী এবং বিভিন্ন রাজ্য ট্যাবলোর মাধ্যমে তাদের বৈভব ও সাংস্কৃতিক ঐতিহ্য প্রদর্শন করবে। ভারতীয় বিমান বাহিনির বিভিন্ন যুদ্ধবিমানও উপস্থিত থাকবে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে।

ooooooooooooooooooooooooooooooo

ভারত ও ইউরোপীয় ইউনিয়ন পরিবহন সঞ্চালনে আরও সক্রিয় হতে সম্মত হয়েছে। দাভোসে অনুষ্ঠিত বিশ্ব অর্থনীতি ফোরামের সম্মেলনের ফাঁকে গতকাল ইউরোপীয় ইউনিয়নের পরিবহন কমিশনার জিত্ জিকোস্টাসের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ভারতের অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কে. রামমোহন নাইডু। তিনি বলেন, বৈঠকে পরিবেশবান্ধব জ্বালানী সাশ্রয়ী পরিবহনের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। উভয় পক্ষই ইউরোপীয় ইউনিয়নের বিমান পরিবহন সুরক্ষা সংস্থা এবং অসামরিক বিমান পরিবহন দপ্তরের মধ্যে সমন্বয় সাধনের ওপর জোর দিয়েছে। এছাড়াও যৌথ কর্মী গোষ্ঠী প্রতিষ্ঠা কোরে ভারত ও ইউরোপীয় ইউনিয়ন, বিশ্বব্যাপী পরিবেশ বান্ধব পরিস্থিতি তৈরিতে গুরুত্ব দেবে বলে জানিয়েছে।

oooooooooooooooooooooo

ইউক্রেনের রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কি জানিয়েছেন , ইউক্রেন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং রাশিয়া আজ এবং আগামীকাল সংযুক্ত আরব আমিরশাহীতে একটি ত্রিপাক্ষিক বৈঠক করতে চলেছে। ২০২২ সালে সংঘাত শুরু হওয়ার পর এটি প্রথম বৈঠক, যেখানে তিন দেশের প্রতিনিধিরা যুদ্ধের অবসান নিয়ে আলোচনার জন্য মিলিত হবেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের পর জেলেনস্কি দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামে এই তথ্য জানিয়েছেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার, পাবলিক সেক্টর জেনারেল ইন্সিওরেন্স কোম্পানী এবং ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক নাবার্ডের বেতন কাঠামোর পুনর্গঠনে অনুমোদন দিয়েছে। এছাড়াও, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং নাবার্ডের অবসরপ্রাপ্ত কর্মীদের পেনশন কাঠামোর পুনর্গঠনে ছাড়পত্র দেওয়া হয়েছে। অর্থমন্ত্রক থেকে আজ জানানো হয়েছে, এর ফলে ৪৬ হাজার তিনশো ২২ জন কর্মচারী, ২৩

হাজার ৫৭০ জন পেনশনভোগী এবং ২৩ হাজার ২৬০ টি পেনশনভোগী পরিবার উপকৃত হবে। দৈনন্দিন জীবনযাত্রার ব্যয় নির্বাহ এবং অবসরের পর স্বস্তিদায়ক পরিস্থিতি তৈরী করতেই মন্ত্রক এই সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রক থেকে আরও বলা হয়েছে, পি এস জি আই সি-র কর্মীদের জন্য বেতন পুনর্গঠন ২০২২-এর পয়লা অগষ্ট থেকে কার্যকর হবে। নাবার্ড এবং RBI কর্মচারীদের জন্য বেতন ও ভাতার সংশোধন ২০02 – এর পয়লা নভেম্বর থেকে কার্যকর হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বসন্ত পঞ্চমী। এই উপলক্ষে পশ্চিমবঙ্গের বিভিন্ন বাড়ি, ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জ্ঞান-বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা ও পুষ্পাঞ্জলী চলেছে। অনেকের বাড়িতে শিশুদের অক্ষর জ্ঞানের হাতেখড়ির প্রস্তুতি নেওয়া হয়েছে। ফল ফুল, পুজোর উপকরণের চড়া দাম সত্ত্বেও ঘাটতি নেই পুজোর আয়োজনে। সরস্বতী পুজো উপলক্ষে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসামের বরাক উপত্যকা, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের বহু অংশের পাশাপাশি দেশ বিদেশে বাঙ্গালীরা মেতে উঠেছেন। অনেকের বাড়িতে গোটা সিদ্ধ ও রান্না পুজোর আয়োজন করা হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধা কৃষ্ণাণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বসন্ত পঞ্চমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

সমাজ মাধ্যমে একবার্তায় রাষ্ট্রপতি বলেছেন, আজকের দিনে দেশের মানুষ জ্ঞান ও বিদ্যার দেবী মা সরস্বতীর বন্দনা করেন। উৎসব সমস্ত দেশবাসীর জীবনে সমৃদ্ধি ও আনন্দ নিয়ে আসুক।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন বলেছেন, মা সরস্বতী সকলকে আশীর্বাদ দান করুন। দেশের সমৃদ্ধি ও মানব কল্যাণে প্রত্যেকের জ্ঞান এবং সৃজনশীল ক্ষমতার প্রকাশ প্রার্থনা করেন তিনি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, বসন্ত পঞ্চমী প্রকৃতির সৌন্দর্য ও বিশুদ্ধতাকে তুলে ধরে। জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী মা সরস্বতীর আশীর্বাদ সকলের উপর বর্ষিত হোক।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সরস্বতী পুজো উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*oooooooooooooooooooo*

জম্মু-কাশ্মীরের মাতা বৈষ্ণদেবীর পবিত্র গুহামন্দিরে আজ প্রথম তুষারপাত হয়েছে। ত্রিকূট পাহাড় সাদা বরফে ঢাকা পড়েছে। এই তুষারপাত দেখতে ভক্তদের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে। অনেকেই এই পরিস্থিতির মধ্যেও প্রার্থনায় যোগ দেন। শ্রীমাতা বৈষ্ণদেবী শ্রাইন বোর্ড এবং স্থানীয় প্রশাসন যৌথভাবে তীর্থযাত্রীদের দেখাশোনা করছে। তাঁদের পর্যাপ্ত ব্যাবস্থা নিশ্চিত করেছে।

*oooooooooooooooooooooo*

ভারতের পি ভি সিন্ধু এবং লক্ষ্য সেন জাকার্তায় আজ ইন্দোনেশিয়া মাস্টার্স ব্যাডমিন্টনের কোয়ার্টার ফাইনালে খেলবেন।

মহিলাদের সিঙ্গলসে পি ভি সিন্ধু, চীনের চেন ইউফি-র এবং পুরুষদের সিঙ্গলসে লক্ষ্য সেন, থাইল্যান্ডের পানিত-চাফন তিরা-রাতসাকুলের বিরুদ্ধে খেলবেন।

এর আগে সিন্ধু প্রি কোয়ার্টার ফাইনালে ডেনমার্কের প্রতিদ্বন্দ্বীকে হারিয়ে দেন। অন্যদিকে লক্ষ্য সেন পরাজিত করেন তার হংকং-এর প্রতিন্দ্বীকে।

*oooooooooooooooooooo*

*oooooooooooooooooooooo*

*oooooooooooooooooooo*

*oooooooooooooooooooooo*